# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 06-01-2026** **Time: 1.40 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) দক্ষিণ ২৪ পরগনার মগরাহাটে পর্যবেক্ষক সি মুরুগানের গাড়ি ঘিরে বিক্ষোভের পরিপ্রেক্ষিতে আজ বিকেলের মধ্যে রাজ্য পুলিশের DG-র কাছে রিপোর্ট তলব কমিশনের।

২) মুখ্য নির্বাচন কমিশনারের সঙ্গে বৈঠকে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের তরফে আসন্ন বিধানসভা নির্বাচন ৬ দফায় করার প্রস্তাব দেওয়া হয়েছে।

৩) রাজ্য পুলিশের পরবর্তী মহা নির্দেশক নিয়োগকে কেন্দ্র করে প্রশাসনিক ও আইনি জটিলতা।

৪) উত্তর ২৪ পরগনার বেলঘড়িয়ায় প্রবর্তক জুট মিল আজ বন্ধ হয়ে গেল।

oooooooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগণার মগরাহাটে নির্বাচন কমিশন নিযুক্ত পর্যবেক্ষক সি মুরুগানের গাড়ি ঘিরে বিক্ষোভ এবং সরকারি কাজে বাধা দানের ঘটনায় কমিশন আজ বিকেল পাঁচটার মধ্যে রাজ্য পুলিশের DG-র কাছে রিপোর্ট তলব করেছে। পুলিশকে রোল অবজার্ভারের সফর সূচী আগাম জানানো সত্ত্বেও কেন তিনি পর্যাপ্ত নিরাপত্তা পেলেন না, সেই প্রশ্নের উত্তর চাওয়া হয়েছে রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমারের কাছে।

একইসঙ্গে নির্বাচন কমিশন জানিয়েছে, আগামী দিনে বিশেষ পর্যবেক্ষক বা পর্যবেক্ষকেরা যেসমস্ত সংবেদনশীল এলাকায় পরিদর্শনে যাবেন, সেখানে পর্যাপ্ত পুলিশি

নিরাপত্তার বন্দোবস্ত রাখতে হবে। থাকতে হবে একজন উচ্চপদস্থ পুলিশ আধিকারিককে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গে আইনশৃঙ্খলা পরিস্থিতি এবং অতীত নির্বাচনের অভিজ্ঞতা তুলে ধরে আসন্ন বিধানসভা নির্বাচনে রাজ্যে আট দফার পরিবর্তে ছয় দফায় ভোট করানোর প্রস্তাব উঠে এসেছে। গতকাল ভোট প্রস্তুতি নিয়ে দিল্লিতে কমিশনের ফুল বেঞ্চের সঙ্গে বৈঠকে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এর দপ্তরের তরফে এই প্রস্তাব দেওয়া হয়েছে।দফা কমালে কেন্দ্রীয় বাহিনীর ব্যবহার আরও সুচারুভাবে সম্ভব হবে। একই সঙ্গে প্রতিটি দফায় সংবেদনশীল এলাকায় পর্যাপ্ত বাহিনী মোতায়েন রেখে কড়া নজরদারি চালানো যাবে বলে যুক্তি দেওয়া হয়েছে। বিশেষ করে সীমান্তবর্তী জেলা ও অতীতের সংঘর্ষপ্রবণ এলাকাগুলিতে এই কৌশল কার্যকর হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল মনে করেন। একই সঙ্গে ভোট প্রক্রিয়া আরও সুষ্ঠু ও নিয়ন্ত্রিত করতে এবং সংবেদনশীল ও অতিস্পর্শকাতর বুথগুলিতে কেন্দ্রীয় বাহিনীকে আরও কার্যকরভাবে মোতায়েন করতেই দফা কমানোর প্রস্তাব উঠে এসেছে।

এদিকে,গতকালের ওই বৈঠকেই কমিশনের তরফে ২০২৪ সালের লোকসভা নির্বাচনের সময় রাজ্যে সব বুথে ওয়েব কাস্টিংয়ের ব্যবস্থা করা গিয়েছিল কি না, তা জানতে চাওয়া হয়েছে। প্রসঙ্গত, দক্ষিণ চব্বিশ পরগনায় ওয়েব কাস্টিং সংক্রান্ত গাফিলতির অভিযোগ তুলে কলকাতা হাইকোর্টে একটি মামলা দায়ের হয়েছিল। সেই মামলার প্রেক্ষিতে কেন সব বুথে ওয়েব কাস্টিং করা যায়নি এবং রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের তরফে কোনও গাফিলতি ছিল কি না—এই প্রশ্নগুলির স্পষ্ট জবাব জানতে চেয়েছেন কমিশনের আধিকারিকরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য পুলিশের পরবর্তী মহা নির্দেশক নিয়োগকে কেন্দ্র করে প্রশাসনিক ও আইনি জটিলতা তীব্র আকার ধারণ করেছে। পরবর্তী মহা নির্দেশকের নাম প্রস্তাব করে

রাজ্য সরকারের পাঠানো প্যানেল এমপ্যানেলমেন্ট কমিটির কাছে পাঠানো হয়েছিল, তা ফেরত পাঠিয়েছে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। পাশাপাশি ইউপিএসসি তরফে রাজ্যের মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তীকে পাঠানো চিঠিতে ডিজি পদে রাজীব কুমারের নিয়োগ নিয়েও একাধিক প্রশ্ন তোলা হয়েছে। প্রশাসনিক সূত্রের মতে, এই চিঠির পর ফলে শুধু নতুন ডিজিপি নিয়োগ নিয়ে জটিলতা তৈরি হয়েছে তাই নয়, বর্তমান ডিজিপি রাজীব কুমারকে বেছে নেওয়ার পুরো প্রক্রিয়াই নতুন করে বিতর্কের মুখে পড়েছে।

oooooooooooooooooooooooooooo

রাজ্য পুলিশের শীর্ষস্তরে বড়সড় রদবদল করা হয়েছে। আইপিএস ও ডব্লিউবিপিএস ক্যাডারের মোট ছাব্বিশ জন আধিকারিককে এক সঙ্গে বদলি ও নতুন দায়িত্বে বসানো হয়েছে । স্বরাষ্ট্র দফতরের পুলিশ সার্ভিস সেলের জারি করা এক বিজ্ঞপ্তিতে গতকাল জানানো হয় , মেদিনীপুর রেঞ্জের ডিআইজি অনুপ জয়সওয়ালকে রাজ্য সিআইডি-র আইজিপি পদে নিয়োগ করা হয়েছে। একই সঙ্গে অরিজিৎ সিনহাকে মেদিনীপুর রেঞ্জের ডিআইজি পদে বহাল রাখা হয়েছে এবং তাঁর উপর জঙ্গলমহল ব্যাটালিয়নের অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়েছে। কালিম্পংয়ের পুলিশ সুপার শ্রীহরি পাণ্ডেকে উত্তরবঙ্গ গোয়েন্দা বিভাগের ডিআইজি হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে।

এদিকে, হাওড়া, বিধাননগর, ব্যারাকপুর, চন্দননগর, আসানসোল–দুর্গাপুর, শিলিগুড়ি-সহ একাধিক পুলিশ কমিশনারেট ও জেলায় ডেপুটি কমিশনার ও অতিরিক্ত পুলিশ সুপার স্তরে রদবদল করা হয়েছে।

ooooooooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেস সরকারের জমি নীতি নিয়ে ফের সরব হলেন রাজ্য বিজেপি সভাপতি শমিক ভট্টাচার্য। আজ কলকাতায় এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, জমি জটের কারণে শিল্পপতিরা এরাজ্যে বিনিয়োগে উৎসাহী হচ্ছেন না। নতুন সরকার এলে তারা এরাজ্যে আসবেন।

(বাইট – শমিক)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের পশ্চিমবঙ্গ সফরের পর রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য্য ও প্রাক্তন সভাপতি দিলীপ ঘোষ আজ এক যৌথ সমাবেশ করতে চলেছেন। রাজ্যে পরিবর্তনের ডাক দেওয়ার লক্ষ্যে আয়োজিত ঐ সভার নাম দেওয়া হয়েছে পরিবর্তন সভা। রানাঘাটের কুপার্স ক্যাম্প ও ব্যারাকপুরের এই দুই সভায় বর্তমান শাসকদলকে অপসারিত করে বিজেপিকে রাজ্যে ক্ষমতায় আনতে বিভিন্ন পন্থা পদ্ধতি গ্রহণের ওপর বিশেষ জোর দেওয়া হবে বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

২০২৫ সালে কর থেকে আইন সংস্কার এসেছে বহু ক্ষেত্রে। গত ১৫ ই আগস্ট প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিকশিত ভারতের জন্য আইন পুনর্গঠনের প্রয়োজনীয়তার বিষয় যে আহ্বান জানিয়েছিলেন তা প্রতিফলিত হয়েছে এই সংস্কার গুলিতে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা অযোধ্যা থেকে ইউনেস্কো। আইনজীবী দেবজিত সরকারের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার বেলঘড়িয়া ঐতিহাসিক প্রবর্তক জুটমিল আজ বন্ধ হয়ে গেল । সকালে হঠাৎ করেই মালিক কর্তৃপক্ষ তরফ থেকে জানিয়ে দেওয়া হয় কাঁচামালের অভাবে বন্ধ করে দেওয়া হচ্ছে কারখানা। এরপরেই শ্রমিকরা প্রায় এক ঘণ্টার ওপর

বিটিরোড অবরোধ করেন। বেলঘড়িয়া থানার পুলিশ পরে, শ্রমিকদের সঙ্গে কথা বলে অবরোধ তুলে দেয়।

নতুন বছরের শুরুতেই এই চটকল বন্ধ হয়ে যাওয়ায় সমস্যায় পড়লেন শ্রমিকরা। তারা অবিলম্বে প্রবর্তক জুটমিল খোলার দাবি জানিয়েছেন ।

উল্লেখ্য, স্বাধীনতা আন্দোলনেও এই প্রবর্তক জুটমিলের বিরাট অবদান ছিল।

oooooooooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগণার সন্দেশখালির ন্যাজাটে জমি দখলের একটি মামলায় অভিযুক্তকে গ্রেপ্তার করতে গিয়ে স্থানীয়দের হাতে পুলিশের আক্রান্ত হওয়ার ঘটনায় মূল অভিযুক্ত মুসা মোল্লাকে গ্রেপ্তার করা হয়েছে। গতরাতে ন্যাজাট থানার পুলিশ তাকে পাকড়াও করে। ধৃতকে আজ বসিরহাট আদালতে তোলা হচ্ছে। এই নিয়ে ঐ ঘটনায় মোট ১৩ জন ধরা পড়লো।

এর আগে মুসার ছোট ভাই মোর্তাজা মোল্লা ও তাঁর দুই ছেলেকেও পুলিশ জীবনতলা থেকে পাকড়াও করে। তাদের গতকাল বসিরহাট আদালত ৮ দিনের পুলিশ হেফাজতে পাঠায়।

oooooooooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগণার ভাটপাড়ার নিমবাগানে গত রবিবারের গুলিচালনার ঘটনায় পুলিশ মূল অভিযুক্ত বাবুসোনাকে গ্রেপ্তার করেছে। তাকে আজ ব্যারাকপুর আদালতে তোলা হবে। এই নিয়ে এই ঘটনায় মোট ৬ জনকে গ্রেপ্তার করা হলো।

তৃণমূল কংগ্রেসের গোষ্ঠীদ্বন্দ্বের জেরে এই ঘটনা বলে প্রাথমিক অনুমান।

oooooooooooooooooooooooooooo

মুর্শিদাবাদের ফারাক্কায় জাতীয় সড়কের পাশের একটি পেট্রল পাম্পে ডাকাতির চেষ্টার অভিযোগে ছ' জন সশস্ত্র দুষ্কৃতীকে গ্রেফতার করেছে ফরাক্কাথানার পুলিশ।

তাদের কাছ থেকে আগ্নেয়াস্ত্র সহ একাধিক হাতিয়ার উদ্ধার করা হয়েছে। এদের সঙ্গে থাকা আরও ছ' জন এখনো পলাতক। পুলিশ সূত্রে খবর, রবিবার সন্ধ্যায় ফরাক্কায় ১২ নম্বর জাতীয় সড়কের পাশের একটি পেট্রল পাম্পে ডাকাতির উদ্দেশ্য ছিল তাদের।

ooooooooooooooooooooooooo

গোটা রাজ্য জুড়ে চলছে প্রবল শীতের দাপট। উত্তুরে হাওয়ায় ভর করে কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা নেমে আসে ১০ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াসে যা স্বাভাবিকের থেকে ৩ দশমিক ৭ ডিগ্রি কম। ২০১৩ সালের ৯ই জানুয়ারির পর কলকাতায় এই প্রথম সর্বনিম্ন তাপমাত্রা ১০ ডিগ্রিতে নামলো। আমাদের প্রতিনিধি কাশ্ফিন নাহারকে আজ আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানান, এর আগে ২০১৩ সালে ৯ই জানুয়ারি সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ৯ ডিগ্রি সেলসিয়াস ।

( বাইট – হাবিবুর)

দক্ষিণবঙ্গে আজ থেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে শ্রীনিকেতন এবং সিউড়িতে, ৬ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস। অন্যদিকে উত্তরবঙ্গের সমতলে সবথেকে কম তাপমাত্রা রেকর্ড হয়েছে রায়গঞ্জে ৮ ডিগ্রি সেলসিয়াস।

oooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooo